

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৪২: মাটি, পাথর বা গাছ-গাছালির মাধ্যমে বরকত কামনা করা জায়েয আছে কি?

এটি শির্কের অন্তর্ভুক্ত। আবু ওয়ার্কিদ লাইছী (রাদিয়াল্লাছ 'আনছ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা রাসূল সাল্লাল্লাছ 'আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে হুনাইন যুদ্ধের উদ্দেশ্যে রওয়ানা হলাম। আমরা তখন সবেমাত্র ইসলাম গ্রহণ করেছি। মুশরিকদের একটি কুলগাছ ছিল, যার চারপাশে তারা অবস্থান গ্রহণ করত এবং তাতে তারা তাদের সমরান্ত্র ঝুলিয়ে রাখতো। গাছটিকে 'যাতু আনওয়াত্ব' বলা হত। সাহাবী (রাদিয়াল্লাছ 'আনছ) বলেন, আমরা ঐ কুলগাছের পার্শ্ব দিয়ে অতিক্রম করার সময় রাসূল সাল্লাল্লাছ 'আলাইহি ওয়াসাল্লাম-কে বললাম, হে আল্লাহ্র রাসূল! মুশরিকদের যেমন 'যাতু আনওয়াত্ব' আছে, আমাদের জন্যও অনুরূপ 'যাতু আনওয়াত্ব' নির্ধারণ করে দিন। তখন রাসূল সাল্লাল্লাছ 'আলাইহি ওয়াসাল্লাম বললেন, "আল্লাছ আকবার, তোমাদের এই দাবীটি পূর্ববর্তী লোকদের রীতিনীতি বৈ আর কিছুই নয়। যার হাতে আমার জীবন, তাঁর কসম করে বলছি, তোমরা এমন কথাই বলেছ, যেমন কথা বনী ইসরাইল মূসাকে বলেছিল। তারা বলেছিলো, হে মূসা, মুশরিকদের যেমন ইলাহ আছে, আমাদের জন্যও তেমন ইলাহ বানিয়ে দাও। মূসা বললেন, তোমরা মূর্খের মতো কথাবার্তা বলছো (আ'রাফ ১৩৮)। তোমরা অবশ্যই তোমাদের পূর্ববর্তী লোকদের রীতিনীতিই অবলম্বন করছ" (আহমাদ ও তিরমিয়া)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1527

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন